

প্রতিষ্ঠানের নাম: সোশ্যাল ডেভেলপমেন্ট ফাউন্ডেশন (এসডিএফ)

২০১৯-২০ অর্থ বছরের জন্য উদ্ভাবনী ধারণার তথ্য

১. উদ্ভাবনী ধারণার শিরোনাম:	“এজেন্ট ব্যাংকিং এর মাধ্যমে যুব কর্মসংস্থান সৃষ্টি ও ব্যাংকিং সেবা সহজীকরণ”		
২. পরিচিতি:	গ্রামীণ অর্থাৎ ইউনিয়ন পর্যায়ে কমিউনিটিসহ অন্যান্য দরিদ্র ও অতি দরিদ্র মানুষেরা বিশেষত গ্রামের মহিলাগণ ব্যাংকিং সুবিধা হতে বঞ্চিত। তাছাড়া উপজেলা পর্যায়ে ব্যাংকের ব্রাঞ্চে গ্রাহকের চাপ বেশি থাকায় ব্যাংকিং সুবিধা পেতে অনেক কষ্ট ও জটিলতার সম্মুখীন হতে হয়। পক্ষান্তরে এজেন্ট ব্যাংকিং চালু করার ফলে যেকোন প্রাপ্ত বয়স্ক গ্রাহক বিশেষত মহিলাগণ তাদের নিকটবর্তী কোন স্থান বা গ্রামের বাজার হতে ব্যাংকিং সেবা পেতে পারবে। এসডিএফ প্রকল্প এলাকার অতীষ্ট সুফলভোগী অতি দরিদ্র ও দরিদ্র পরিবারের যুবরা সঠিক দিক-নির্দেশনা, তথ্য ও প্রশিক্ষণের অভাবে বিভিন্ন সরকারী ও বেসরকারী সেবা ও সুবিধা থেকে বঞ্চিত। তাই, এসডিএফ এনজেএলআইপি প্রকল্পের মাধ্যমে অতি দরিদ্র ও দরিদ্র পরিবারের যুবদের সচেতনতা ও কারিগরি দক্ষতা বৃদ্ধির মাধ্যমে আল্লকর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে কর্মসংস্থান ঋণ প্রদান ও দীর্ঘমেয়াদী ফলোআপ সহায়তা কার্যক্রম হাতে নিয়েছে। এ যুব কার্যক্রমের আওতায় প্রকৃত উৎসাহী ও উদ্যোগী যুবকে চিহ্নিত করে তাদেরকে প্রয়োজনীয় দক্ষতা প্রদানের মাধ্যমে উদ্যোক্তা উন্নয়নে এজেন্ট ব্যাংকিং পেশায় নিয়োজিত করে গ্রামীণ পর্যায়ে ব্যাংকিং সেবা সহজীকরণ করাই এ পাইলট কার্যক্রমের মৌলিক লক্ষ্য।		
৩. উদ্দেশ্য:	<ul style="list-style-type: none"> • যুব উদ্যোক্তা ও যুবদের কর্মসংস্থান সৃষ্টি এবং মাসিক হারে অর্থ উপার্জন; • ব্যাংকিং সেবা গ্রাম পর্যায়ে পৌঁছানো ও সেবা সহজীকরণ; • গ্রামীণ অর্থনীতি চাঞ্চাল্য ও সেবা সাধারণ গ্রাহকের কাছে সহজলভ্য করা। 		
৪. কর্মপদ্ধতি:	<ul style="list-style-type: none"> • যুব চিহ্নিতকরণ ও স্থান নির্বাচন; • প্রস্তাবনা তৈরীর যাবতীয় ডকুমেন্ট সংগ্রহ; • প্রস্তাবনা তৈরী ও ব্যাংকে জমা দেওয়া; • ব্যাংক কর্তৃক যাচাই বাচাই, নির্বাচন ও অনুমোদনের জন্য প্রেরণ; • এজেন্ট ব্যাংকিং চালুকরণ (উদ্বোধন); • সেবা সম্প্রসারণে প্রচার –প্রচারণা (গ্রাহককে অবহিতকরণ); • গ্রাহক সংগ্রহ ও অন্যান্য ব্যাংক সেবা প্রদানের প্রস্তুতি; • নিয়মিত সেবা প্রদান ও নিশ্চিতকরণ; • ফলোআপ, পর্যবেক্ষণ ও যোগাযোগ; • পাইলট কার্যক্রমের সফলতা নিরূপণ; • সফল এজেন্ট ব্যাংকিং অবহিতকরণ কর্মশালা; • পাইলট সম্প্রসারণ। 		
৫. উপকারিতা/সুফল:	<ul style="list-style-type: none"> • সরাসরি ৩/৪ জন যুব কর্মসংস্থান ও উদ্যোক্তা সৃষ্টি; • ৩,০০০-৪,০০০ পরিবার (৬,০০০- ৮,০০০ সদস্য) এজেন্ট ব্যাংকিং এর সেবার আওতায় আসবে এবং কমিউনিটির গতিশীলতা বেগবান হবে; • যাতায়াত খরচ ও সময় কম লাগবে, ব্যাংকিং তথ্যাদি অল্প সময়ে পাওয়া যাবে; • টাকা জমা দেওয়ার সময় ও ঝুঁকি হ্রাস পাবে; • ব্যাংক ও গ্রহিতার মধ্যে কানেকটিভিটি বাড়বে; • সহজ পন্থায় টাকা লেনদেন ও সঞ্চয় করা যাবে এবং অধিক সঞ্চয়ের মনোভাব তৈরী হবে; • এজেন্ট ব্যাংক কর্তৃক প্রদেয় অন্যান্য সকল সুযোগ-সুবিধা গ্রহণ; • মাসিক ১০,০০০-১২,০০০ টাকা হারে যুব’র আয় নিশ্চিত হবে। 		
৬. প্রত্যাশিত ফলাফল (TCV):	সময়	খরচ	যাতায়াত
আইডিয়া বাস্তবায়নের আগে	২.৩০ ঘণ্টা	১০০-১৫০ টাকা	২-৩ বার যাওয়া লাগে
আইডিয়া বাস্তবায়নের পরে	০.৩০ মিনিট	১০-২০ টাকা	১ বার গেলে হবে

	আইডিয়া বাস্তবায়নের ফলে সেবা গ্রহিতার প্রত্যাশিত বেনিফিট	১.৩০- ২.০০ ঘণ্টা সময় অন্য কাজে ব্যবহার	একবারে ৯০- ১৩০ টাকা টাকা সঞ্চয় বা অন্য কাজে ব্যয়	১-২ বার যাওয়া- আসা কমবে ফলে এ সময় অন্য কোন উৎপাদনমূলক কাজে ব্যবহার হবে।
৭. বাস্তবায়ন ও পরিচালন ব্যয়:	১,০০,০০০ টাকা জামানত ও ৪,০০,০০০ টাকা পরিচালন ব্যয় মোট ৫ (পাঁচ) লক্ষ টাকা ।			
৮. বাস্তবায়ন সময়কাল (সম্ভাব্য তারিখসহ)	জুলাই ২০১৯ – জুন ২০২০ ।			
৯. সুবিধাভোগীর ব্যয় (যদি থাকে)	২০ টাকা (হিসাব খোলার জন্য) ও প্রতি হাজার টাকা লেনদেনে ২/৩ টাকা সার্ভিস চার্জ লাগবে।			
১০. সম্প্রসারণের সুযোগ (যদি থাকে)	প্রকল্প এলাকার অন্যান্য ক্লাস্টারে/ গ্রাম- ইউনিয়ন পর্যায়ে			
১১. সম্ভাব্য ঝুঁকি:	সুবিধা ভোগী কম হলে ও ব্যাংক কর্তন বেশী হলে, বন্যা বা চুরি হলে, ব্যাংকের নতুন প্রবর্তিত নীতিমালা এবং অধিক প্রতিযোগিতা।			

ধারণা প্রদানকারী কর্মকর্তা - কর্মচারীর নাম ও পদবীঃ

১. মো. শহীদুল ইসলাম, ডিজিএম, যুব কর্মসংস্থান, এসডিএফ, ঢাকা।
২. মো. জাকির হোসেন, আঞ্চলিক কর্মকর্তার, যুব কর্মসংস্থান, এসডিএফ, খুলনা অঞ্চল।
৩. উত্তম চৌধুরী, কর্মকর্তা, যুব কর্মসংস্থান, এসডিএফ, ঢাকা।
৪. মো. জাহাঙ্গীর হোসেন, জেলা কর্মকর্তা, যুব কর্মসংস্থান, এসডিএফ, সাতক্ষীরা ।